

৪৬

Signature

সরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টের কার্যক্রম পুনরায় শুরু

১৭ সদস্যের নয়া ট্রাস্ট কমিটি
ইনকিলাব রিপোর্ট

সরকারী প্রাথমিক শিক্ষকদের নিকট থেকে প্রাপ্ত মাসিক ২ টাকার বিনিময়ে গঠিত সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্টের কার্যক্রম পুনরায় শুরু হয়েছে। কল্যাণ ট্রাস্ট অধ্যাদেশ ১৯৮৫ ও সরকারী প্রাথমিক বিদ্যালয় কল্যাণ ট্রাস্ট সংশোধিত আইন ২০০০-এর ৫(১) ৭১০১ক ১৩

প্রাথমিক শিক্ষক

উপ-ধারায় অর্পিত ক্ষমতাবলে সরকারী কর্মসূচী এবং সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধিদের সমন্বয়ে কল্যাণ ট্রাস্টের বোর্ড গঠিত হয়েছে।

বোর্ডের সদস্যরা হলেন- চেয়ারম্যান, মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (পদাধিকারবলে), পরিচালক প্রশাসন, পদাধিকারবলে, উপ-পরিচালক প্রশাসন পদাধিকারবলে, সরকারী প্রতিনিধি সদস্য হচ্ছেন, উপ-সচিব প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, পরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, পরিচালক (প্রশাসন) বাধ্যতামূলক প্রাঃ শিঃ বারঃ পরি ইউনিট, সিনিয়র সহকারী সচিব বিদ্যালয়-২ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। শিক্ষক প্রতিনিধিদের মধ্যে রয়েছেন- নূরুল আফসার প্রধান শিক্ষক, ফিরোজ উদ্দিন প্রধান শিক্ষক, বি এম আনামুল্লাহ সহকারী শিক্ষক, মনোয়ারা বেগম প্রধান শিক্ষিকা, জাহান আরা খানম প্রধান শিক্ষিকা, মঞ্জুর হোসেন খাত্তা প্রধান শিক্ষক, জা ম বাবুর আলী, সহকারী শিক্ষক, মোঃ আবদুস সালাম সহকারী শিক্ষক, মোঃ আনোয়ার হোসেন জুইজা সহকারী শিক্ষক এবং সদস্য সচিব হচ্ছেন সিনিকুর রহমান প্রধান শিক্ষক, হুসেইন মোঃ এরশাদ সরকারী-... প্রাথমিক বিদ্যালয় মতিঝিল। নবগঠিত এ বোর্ডের মেয়াদকাল হবে ২ বছর।

উল্লেখ্য, সরকারী প্রাথমিক শিক্ষক এবং পোষাদেবের চিকিৎসা ও শ্রী-সন্তানদের শিক্ষা উপকৃতি দেয়ার লক্ষ্যে এ ট্রাস্ট গঠিত হয়েছিল, ১৯৮৫ সালের ৪ জুন এক প্যারেজট প্রজ্ঞাপনের মাধ্যমে এ ট্রাস্ট গঠিত হয়েছিল। দীর্ঘ ১১ মাস ট্রাস্টের কার্যক্রম বন্ধ থাকার পর সরকারী প্রাথমিক শিক্ষক সমিতির দাবীর মুখে সম্ভ্রতি ট্রাস্ট কমিটি পুনর্গঠন করা হয়। উল্লেখ্য, সাবেক প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ সরকারী প্রাথমিক কল্যাণ ট্রাস্টের জন্য ২০ লাখ টাকা অনুদান দিয়েছিলেন। ট্রাস্ট গঠনের সময় শিক্ষকদের মাসিক চাঁদার হার ২ টাকার স্থলে বর্তমানে তা ১০ টাকা করা হয়েছে। ট্রাস্টের সদস্য সচিব সিনিকুর রহমান বলেন, ট্রাস্টের মাসিক নিয়মিত মাসিক ১০ টাকা চাঁদা দিয়ে সরকারী প্রাথমিক শিক্ষক এবং পোষাদেবের চাঁদার সন্তানদের উপকৃতি দেয়া